দৈনিক সংবাদ

তারিখ ···FEB. 1 0 1999 ··· ···

পৃষ্ঠা 2 কলাম ·8·······

৭৪


## প্রাথমিক শিক্ষা কর্মকর্তাদের কলমবিরতি কর্মসূচি

স্বতন্ত্র প্রাথমিক শিক্ষা ক্যাডার সৃষ্টি এবং প্রাথমিক ও গণশিক্ষা বিভাগকে অনতি-বিলম্বে পূর্ণাঙ্গ মন্ত্রণালয় সৃষ্টিসহ, ১২দফা দাবি আদায়ের লক্ষ্যে দেশের প্রাথমিক শিক্ষা কর্মকর্তাগণ গত রোববার থেকে সকাল ৯টা থেকে ১১টা পর্যন্ত কালোব্যাজ ধারণ এবং দু'ঘন্টা কলমবিরতি কর্মসূচি পালন করছেন। বাংলাদেশ প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ঐক্য পরিষদ ঘোষিত ১২ দফা দাবি আগামী ২১শে মার্চের মধ্যে পূরণ করা না হলে ২২শে মার্চ থেকে প্রাথমিক শিক্ষা কর্মকর্তাগণ অনির্দিষ্টকালের জন্য কর্মবিরতি পালন করবেন। খবর সংবাদ বিজ্ঞপ্তির।